উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

জীবননগর উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২০১৭ মাসের সভার কার্যবিবরণী

সভা নং ঃ ০৩/২০১৭-১৮

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ

তারিখ ঃ ১৪-০৯-২০১৭ খ্রিঃ, সময়ঃ বেলা- ১১-০০ ঘটিকা।

সভাপতি ঃ জনাব আবু মোঃ আঃ লতিফ
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
জীবননগর, চুয়াডাঙ্গা।

উপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট- ক

সভার শুরুতে সভাপতি জনাব আবু মোঃ আঃ লতিফ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর উপস্থিত সকল সম্মানিত সদস্যকে স্বাগত জানান। ভাইস চেয়ারম্যান জনাব মোঃ হাফিজুর রহমান এবং মহিলা ভাইস চেয়ারম্যান জনাব আয়েশা সুলতানা সভায় উপস্থিত ছিলেন। পবিত্র কোরআন থেকে তেলাওয়াতের মাধ্যমে সভা শুরু হয়। অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জনাব মোঃ সেলিম রেজা, উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন।

সভার আলোচনা ও সিদ্ধান্ত ঃ

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১। গত আগস্ট/১৭ মাসের সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয়।	সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।	-
০২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সংক্রান্ত ঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। গত ০৭-০৯-২০১৭খ্রিঃ তারিখে উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সম্পর্কিত স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার সুপারিশসমূহের উপর সভায় পুনরায় পর্যালোচনা করা হয়। (ক) অপারেশন সংক্রান্ত ঃ অত্র স্বাস্থ্য কমপ্লেক্সে সপ্তাহের প্রতি মঙ্গলবার সিজার ও এ্যাপেন্ডিসাইটিস-এর অপারেশনের কাজ শুরু হয়েছে। বর্তমানে কোন ফিস ছাড়াই অপারেশন কাজ অব্যাহত আছে। সভায় হাসপাতালে সরকারীভাবে সরবরাহকৃত ঔষধ সমূহ অপারেশনের রোগীদের সরবরাহ করা হবে এবং বাকী ঔষধের খরচ রোগীকে নিজে বহন করতে হবে মর্মে সভায় আলোচনা করা হয়। (খ) চিকিৎসক পদায়ন সংক্রান্ত ঃ সংশ্লিষ্ট অপারেশন সমূহ অব্যাহত রাখার জন্য অতি সত্বর একজন এ্যানেসথেসিয়া এবং একজন গাইনী চিকিৎসক পদায়নসহ চিকিৎসক স্বল্পতার বিষয়টি নিয়ে আলোচনা করা হয় (গ) এ্যাম্বুলেন্স সংক্রান্ত ঃ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স-এর এ্যাম্বুলেন্সটি দীর্ঘ দিনের পুরাতন হওয়ায় প্রায়শই বিকল হয়। বর্তমানে মেরামতপূর্বক সচল করা হয়েছে। তবে যে কোন সময় বিকল হওয়ার সম্ভাবনা আছে। বিধায় অতি সত্বর নতুন একটি এ্যাম্বুলেন্স সংগ্রহের জন্য আলোচনা করা হয়। (ঘ) মাইক্রো ষ্ট্যান্ডঃ হাসপাতালের ফুল বাগানের সীমানা প্রাচীর সংলগ্ন স্থানে অস্থায়ীভাবে গড়ে ওঠা মাইক্রো স্ট্যান্ড জনস্বার্থে উচ্ছেদের বিষয়ে আলোচনা করা হয়।	(ক) এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারকে অনুরোধ করা হয়। (খ) জন-স্বার্থে অতি সত্বর চিকিৎসকের শুন্য পদ পূরণের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষন পূর্বক যথাযথ ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। (গ) উক্ত বিষয় সমুহের ব্যাপারে উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারকে অনুরোধ করা হলো। (ঘ) ড্রাইভারদের সাথে আলোচনা পূর্বক অতিসত্তর মাইক্রো স্ট্যান্ড অন্যত্রে স্থানান্তরের বিষয়ে পদক্ষেপ	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার।

	নেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	
০৩। উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ ঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও বলেন যে- (ক) ৪ নং সীমান্ত ইউনিয়নে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্র নির্মানের বিষয়ে প্রয়োজনীয় অর্থ না থাকায় জমি রেজিষ্ট্রিসহ অবকাঠামো তৈরী করা সম্ভব হচ্ছে না বলে সভাকে অবহিত করলে সংশ্লিষ্ট সীমান্ত ইউনিয়নের চেয়ারম্যান জনাব মোঃ মঈন উদ্দীন জমি রেজিষ্ট্রির প্রয়োজনীয় উদ্যোগ গ্রহনের আহ্বান জানান এবং জমি রেজিষ্ট্রির প্রয়োজনীয় অর্থ সীমান্ত ইউনিয়নের জন-স্বার্থে ইউনিয়ন পরিষদের তহবিল হতে ব্যয় করার আশ্বাশ প্রদান করেন বলে বিষয়টি নিয়ে আলোচনা করা হয়।	(ক) এ বিষয়ে জমির মালিকগণের সাথে আলোচনা সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য চেয়ারম্যান, সীমান্ত ইউপিকে অনুরোধ করা হল।	উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার।
(খ) বাঁকা এফডব্লিউসি কেন্দ্র টি ২৪ ঘন্টা ডেলিভারী কেন্দ্র হিসাবে বিবেচিত, কিন্তু একমাত্র টয়লেটটি অনেক দূরে অবস্থিত এবং ব্যবহারের অনুপোযোগী হওয়ায় ডেলিভারী কাজে মারাত্মকভাবে বিঘ্ন ঘটায় সীমানা প্রাচীর এবং টয়লেট নির্মানের জন্য আলোচনা করা হয়।	(খ) বাঁকা এফডব্লিউসি কেন্দ্রের টয়লেটটি উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) থেকে নির্মাণের প্রস্তাব গ্রহন করা হয়েছে এবং এই প্রাচীরের কাজ পরবর্তী বরাদ্দ সাপেক্ষে বিবেচনা করা হবে।	
(গ) আব্দুলবাড়ীয়া ইউনিয়নের এফডব্লিউসি এর সীমানা প্রাচীর না থাকায় প্রতিষ্ঠানটির জায়গা বেদখলসহ নিরাপত্তা বিঘ্নিত হচ্ছে ও বর্তমানে জীবননগর উপজেলায় ০৮ টি স্যাটেলাইট ক্লিনিক চালু আছে। কিন্ত স্যাটেলাইট ক্লিনিকে কোন চেয়ার না থাকায় আগত রোগীদের সেবাদান কাজ ব্যহত হচ্ছে। তিনি ০৮ টি স্যাটেলাইট ক্লিনিকের জন্য ৬৪ টি চেয়ার সরবরাহের প্রস্তাব উত্থাপন করেন এবং উপজেলা পরিবার পরিকল্পনা অফিসের ছাদ নষ্ট হওয়ায় পানি জমে প্রায়ই গুরুত্বপূর্ণ কাগজপত্রসহ ফার্নিচার নষ্ট হচ্ছে। ছাদটি দ্রুত সংস্কারের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহনের আহ্বান জানান।	(গ) ২০১৭-১৮ অর্থ বছরে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে পরবর্তীতে বিষয়গুলি বিবেচনা করা হবে।	
০৪। উপজেলা কৃষি ও সেচ বিষয়ক কার্যক্রম ঃ উপজেলা কৃষি অফিসার বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। গত ১১-০৯-২০১৭খ্রিঃ তারিখে কৃষি ও সেচ বিভাগীয় স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার সুপারিশসমূহের উপর সভায় পুনঃ পর্যালোচনা করা হয়।		উপজেলা কৃষি অফিসার।
(ক) ভূমির অপচয় রোধ করে সেচকার্য পরিচালনা করার জন্য আধুনিক সেচ প্রযুক্তি ভূগর্ভস্থ সেচনালা পদ্ধতি রয়েছে। ভূমি এবং সেচের পানির অপচয় রোধ করার জন্য এ প্রকল্পটি গ্রহন করলে ভূমি ও সেচের পানির অপচয় রোধ হবে ও সেচ এলাকাধীন ফসলের ফলন বৃদ্ধি পাবে এবং আগামী অক্টোবর মাস থেকে রবি মৌসুম শুরু হতে যাচ্ছে। ভুট্টা, বোরো ধান ও বিভিন্ন সজি ফসলের আবাদ বৃদ্ধির সম্ভাবনা রয়েছে। ফসলের দৈহিক বৃদ্ধি ও ফুল-ফল প্রদানের জন্য সুষম সার প্রয়োজন। সুষমসার ব্যবহারে ফসলের ফলন বৃদ্ধি পায়। কাজেই সারের চাহিদা পূরণের জন্য অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন।	(ক) ২০১৭-১৮ অর্থ অর্থবছরে এডিপি তহবিল থেকে প্রকল্প গ্রহনের সময় আলোচনা পূর্বক এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহন করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হল।	
(খ) উত্তম কৃষি ব্যবস্থাপনার মাধ্যমে নিরাপদ ফসল উৎপাদন বিষয়ে ১৬৫ জন কৃষক-কৃষাণীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। কৃষক-কৃষানীরা নিরাপদ ও স্বাস্থ্যসম্মত ফসল উৎপাদন বিষয়ে ধারণা পেয়েছে। কৃষক-কৃষানীরা জৈবসার, জৈব বালাইনাশক, জৈব কৃষি প্রযুক্তি গ্রহনে উদ্বুদ্ধ হয়েছে। প্রশিক্ষণ সফলভাবে সমাপ্ত হওয়ায় উপজেলা পরিষদ ও বাস্তবায়নকারী প্রতিষ্ঠানকে ধন্যবাদ	(খ) এই জাতীয় প্রশিক্ষণ দেওয়া এবং আগামীতে আরও প্রশিক্ষনের ব্যবস্থা নিতে উপজেলা কৃষি অফিসারকে ধন্যবাদ	

জানানো হয়।	জানানো হয়।	
০৫। উপজেলা মৎস্য ও প্রাণি সম্পদ বিষয়ক কার্যক্রম ঃ **মৎস্য বিভাগীয় ঃ** সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা বলেন যে, দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। গত ১০-০৯-২০১৭খ্রিঃ তারিখে উপজেলা মৎস্য ও প্রাণী সম্পদ বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার সুপারিশ সমূহের উপর সভায় নিম্নরূপ পর্যালোচনা করা হয় - জীবননগর উপজেলাধীন বেনীপুর বাওড়ে ইছাখালী খালে বাঁধ নেই। প্রতি বছর বর্ষায় প্লাবিত হয়ে প্রচুর মাছ বের হয়ে যায়। ফলে মৎস্যজীবিরা ক্ষতিগ্রস্থ হচ্ছে। উক্ত খালে লোহার নেট যুক্ত একটি বাঁধ নির্মানে ১,৫০,০০০/= (একলক্ষ পঞ্চাশ হাজার) টাকা ও মারুফদহ বাওড়ে ০.৫ হেক্টর আয়তনের ১টি মৎস্য অভয়াশ্রম নির্মাণের জন্য ৭৫,০০০/= (পছাত্তর হাজার) টাকাসহ মোট ২,২৫,০০০/= (দুই লক্ষ পঁচিশ হাজার) টাকা ব্যয় হবে।	প্রকল্প ০২টি ২০১৭-১৮ অর্থ বছরে বাজেট প্রাপ্তি সাপেক্ষে পরবর্তীতে বিষয়টি বিবেচনা করা হবে।	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা।
০৬। উপজেলা প্রাণি সম্পদ বিভাগ ঃ উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও বলেন বিগত অর্থ বছরে "All Goat and Sheep Vaccination in one day" প্রকল্পের আওতায় উপজেলা পরিষদের অর্থায়নে ও সার্বিক সহযোগীতায় একদিনে ৫০ হাজার ছাগল/ভেড়ায় পিপিআর রোগের টিকা প্রদান করা হয়। ফলে অত্র উপজেলায় পিপিআর রোগ নিয়ন্ত্রণের পাশাপাশি ছাগল/ভেড়ার সংখ্যা উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে। চলতি বছরে তিনি ৮০ হাজার ছাগল/ভেড়ার পিপিআর রোগের টিকা প্রদানের প্রস্তাব রাখেন। তিনি বিগত বছরের অভিজ্ঞতার আলোকে জানান পৌরসভা-সহ ৮ টি ইউনিয়নের ৮০ হাজার ছাগল/ভেড়াকে টিকা প্রদানের আওতায় আনতে হলে একদিনের পরিবর্তে ০২ দিনব্যাপী টিকা প্রদান করা প্রয়োজন। প্রকল্পটি বাস্তবায়নে সম্ভাব্য ব্যয় হবে ২,৫০,০০০/- (দুই লক্ষ পঞ্চাশ) টাকা।	উক্ত আলোচনান্তে জনগুরুত্বপূর্ণ এ প্রকল্পটি ২০১৭-১৮ অর্থবছরে এডিপি তহবিল থেকে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা।
০৭। উপজেলা উন্নয়ন তহবিল ঃ উপজেলা প্রকৌশলী বলেন যে, গত ০৬-০৭-২০১৭খ্রিঃ তারিখে যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার নিম্নরুপ সুপারিশসমূহ সভায় পর্যালোচনা করা হয়। (ক) উপজেলা পরিষদ তহবিলের অর্থে নিম্নবর্ণিত প্রকল্প ০৪টি গ্রহণের বিষয়ে স্থায়ী কমিটির সভায় সুপারিশ করা হয়েছে- (১) হাসাদাহ হইতে সুটিয়া রাস্তায় ১টি কালভার্ট এর স্লাব নির্মাণ। (২) আন্দুলবাড়ীয়া ইউপির বাজদিয়া প্রাইমারী স্কুলের উত্তর পার্শ্বে ১টি U-টাইপ ড্রেন কালভার্ট নির্মাণ। (৩) খয়েরহুদা গ্রামের বিলপাড়া শষ্টিতলা হইতে কাশেম আলী মাধ্যমিক বিদ্যালয় অভিমুখে রাস্তায় H.B.B রি সেটিং করন। (৪) বাজদিয়া গ্রামের স্কুল হইতে ইসলামের বাড়ীর রাস্তা H.B.B করন। উপজেলা পরিষদ তহবিলে নতুন বছরে কোন অর্থ বরাদ্দ পাওয়া যায়নি মর্মে সভাকে অবহিত করা হয়। (খ) নতুন ২০১৭-১৮ অর্থ বছর শুরু হয়েছে। এডিপি তহবিলে ১ম কিস্তিতে ১১,৫৪,০০০/- (এগার লক্ষ চুয়ান্ন হাজার) টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। এ বছর উপজেলা পরিষদের রাজস্ব উদ্বৃত্ত ৫০,০০,০০০/= (পঞ্চাশ লক্ষ) টাকা উন্নয়ন তহবিলে স্থানান্তর হয়েছে। উক্ত অর্থের বিপরীতে বিধি মোতাবেক প্রকল্প গ্রহণের প্রস্তাব উত্থাপিত হয়।	(ক) ২০১৭-১৮ অর্থ বছরে এডিপি তহবিলে বরাদ্দ প্রাপ্তির পর বিবেচনা করা হবে। (খ) আলোচনান্তে উক্ত প্রস্তাব অনুমোদিত হয়। এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।	উপজেলা প্রকৌশলী জীবননগর।

০৮। উপজেলা সমাজ সেবা অফিসার বলেন যে, গত ০৪-০৯-২০১৭খ্রিঃ তারিখে উপজেলা মুক্তিযোদ্ধা বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় গৃহীত নিম্নবর্ণিত সুপারিশসমূহের উপর পুনরায় সভায় পর্যালোচনা করা হয়। (ক) মুক্তিযোদ্ধা ভাতা প্রদানে ভাতাভোগী মৃত মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার বিধবা স্ত্রীর মৃতের পরিবর্তে নতুন ভাতাভোগী প্রতিস্থাপন প্রসংগে জানান ০২ (দুই) জন ভাতা ভোগী মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার বিধবা স্ত্রী ইতোমধ্যে মারা গিয়েছে। বিধায় তাদের পরিবর্তে নতুন ভাতাযোগী প্রতিস্থাপন করা প্রয়োজন। (খ) মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রনালয়ের ৩০/৭/২০১৭খ্রিঃ তারিখের ৪৮.০০.০০০০.০০২.২১.০০.২০১৬-২১৪ স্মারক অনুয়ায়ী মুক্তিযোদ্ধাদের কল্যানে হাট বাজারের ইজারালব্ধ ৪% অর্থ থেকে অনুদান প্রদানের জন্য অত্র উপজেলায় ৮৯,১০০/= (উননব্বই হাজার একশত) টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। যাহা মুক্তিযোদ্ধাদের প্রকৃত প্রয়োজন অনুসারে তা বন্ঠন করতে হবে বিষয়টি নিয়ে আলোচনা হয়।	(ক) বিধি মোতাবেক বিষয়টির ব্যাপারে পদক্ষেপ নেওয়ার জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ জানানো হল। (খ) এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ করা হল।	উপজে সমাজ সেবা অফিসার।
০৯। উপজেলা সমাজ সেবা অফিসার বলেন যে, গত ০৬-০৯-২০১৭খ্রিঃ তারিখে উপজেলা সমাজকল্যান বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় গৃহীত নিম্নবর্ণিত সুপারিশসমূহের উপর পুনরায় সভায় পর্যালোচনা করা হয়। পল্লী সমাজসেবা কার্যক্রম (আর এস এস) যথানিয়মে চলছে। ২০১৬-১৭ অর্থ বছরে সুদ মুক্ত ঋন তহবিলের মূল অর্থ হিসাবে ৪,৫০,০০০/= (চার লক্ষ পঞ্চাশ হাজার) টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। অতি সত্তর লক্ষভূক্ত গ্রাম ও জনগোষ্ঠির মধ্যে ক্ষুদ্র ঋন হিসাবে বিনিয়োগ করা প্রয়োজন।	বিনিয়োগসহ মূল বিনিয়োগের জন্য গ্রাম নির্বাচন ও যথাযথ স্কীমের মাধ্যমে ঋন প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ করা হল।	উপজেলা সমাজ সেবা অফিসার।
১০। মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন যে, মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা সম্পর্কিত স্থায়ী কমিটির সভা ০৬-০৮-২০১৭খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার নিম্নরুপ সুপারিশসমূহ সভায় পর্যালোচনা করা হয়। মাধ্যমিক স্তরের শিক্ষার গুনগত মান বৃদ্ধির লক্ষ্যে শ্রেণি কক্ষে পাঠদান বৃদ্ধি করা প্রয়োজন। ডিজিটাল কন্টেন্ট প্রদর্শনের জন্য ও আসবাবপত্র সরবরাহ করা জরুরী। বিভিন্ন প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাস পরিচালনার জন্য ডিজিটাল কন্টেন্ট তৈরীর লক্ষ্যে ল্যাপটপ সরবরাহ করা আবশ্যক এবং মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসার মাল্টিমিডিয়া ক্লাস রুম মেরামত/সংস্কার করা প্রয়োজন।	উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) থেকে ইতোমধ্যে প্রজেক্টর ও আসবাবপত্র সরবরাহ প্রকল্প গ্রহন করা হয়েছে। এছাড়াও LGSP-3 এর আওতায়ও কিছু কিছু বিদ্যালয়ে মাল্টিমিডিয়ার প্রজেক্টর সরবরাহের প্রকল্প গ্রহন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার।
১১। উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ উপজেলা শিক্ষা অফিসার বলেন যে, প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভা গত ০৬-০৮-২০১৭খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় সুপারিশকৃত নিম্নরুপ বিষয়গুলির উপর সভায় পুনঃ পর্যালোচনা করা হয়। (ক) বিবেচ্য মাসে সকল (৭১টি) সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণের ১লা জুলাই/১৭ অন লাইন ফিক্সেশন আপডেট ও সার্ভিসবুকে তা লিপিবদ্ধপূর্বক বেতন বিল বিধি মোতাবেক পরিশোধ করা হয়েছে। ঈদ-উল আজহার উৎসব ভাতা ও সরকারি ও নব্য সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান ও সহকারী শিক্ষকের গ্রেডেশন তালিকা প্রস্ততের কাজ চলছে। ওয়েব পোর্টালের তথ্য হালফিল করা হয়েছে। জানুয়ারী-জুন/১৭ কিস্তিতে রুপালী ব্যাংক শিওরক্যাশ এর মোবাইল একাউন্টের মাধ্যমে প্রাথমিক স্তরের সুবিধাভোগী ছাত্র/ছাত্রীদের অভিভাবকদের মাঝে উপবৃত্তির টাকা বিতরণের জন্য অনলাইনে ডাটা এন্ট্রির	(ক) সকল কাজ সুষ্ঠ ও সুন্দর ভাবে হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়। এধারা অব্যহত রাখার জন্য সভায় উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ জানানো হয়।	উপজেলা শিক্ষা অফিসার।